



শেখ হাসিনার মূলনীতি  
গ্রাম শহরের উন্নতি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
সহকারী প্রকৌশলীর কার্যালয়,  
জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, গাংনী উপজেলা, মেহেরপুর।

তারিখঃ ১৭/০৫/২০২২ ইং

স্মারক নং : ৪৬.০৩.৫৭৪৭.৪০১.০৬.০৭৭.১৩- ৭৫

### নোটিশ

এতদ্বারা উপজেলার জনস্বাস্থ্য স্যানিটেশন ও বিশুদ্ধ পানি বিষয়ক স্থায়ী কমিটির সম্মানিত সদস্যগণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আগামী ২২/০৫/২০২২ ইং তারিখে বেলা ১০ঃ৩০ ঘটিকার সময় জনাব ফারহানা ইয়াছমিন, উপজেলা মহিলা ভাইস-চেয়ারম্যানের সভাপতিত্বে, মহিলা ভাইস-চেয়ারম্যানের অফিস কক্ষে, উপজেলা জনস্বাস্থ্য স্যানিটেশন ও বিশুদ্ধ পানি বিষয়ক স্থায়ী কমিটির এক সভা আহবান করা হয়েছে। উক্ত সভায় সম্মানিত সদস্য হিসেবে আপনাকে উপস্থিত থাকার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

আলোচ্য বিষয়ঃ

- ১) বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।
- ২) ২০২১- ২২ ইং অর্থ বছরের প্রাপ্ত বরাদ্দ প্রসঙ্গে আলোচনা।
- ৩) পি ই ডি পি-৪ প্রকল্পের কাজের বরাদ্দ প্রসঙ্গে আলোচনা।
- ৪) বিবিধ।

আবু সালেহ মোঃ মাহফুজুর রহমান  
সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর  
গাংনী উপজেলা, মেহেরপুর।

সদয় জ্ঞাতার্থে

- ১। চেয়ারম্যান, গাংনী উপজেলা পরিষদ, গাংনী, মেহেরপুর।
- ২। উপজেলা নির্বাহী অফিসার, গাংনী উপজেলা পরিষদ, গাংনী, মেহেরপুর।

সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে

- ১। চেয়ারম্যান-----ইউ পি চেয়ারম্যান, গাংনী, মেহেরপুর।
- ২। জনাব
- ৩। দপ্তর নথি।

## উপজেলা জনস্বাস্থ্য স্যানিটেশন ও বিশুদ্ধ পানি বিষয়ক স্থায়ী কমিটির সভার কার্য বিবরণী।

স্থান : মহিলা ভাইস চেয়ারম্যান এর অফিস কক্ষে।

সময় : বেলা ১০:৩০ ঘটিকা।

তাং : ২২-০৫-২০২২ ইং

অধ্যকার সভা উপজেলা ভাইস চেয়ারম্যান, জনাব ফারহানা ইয়াছমিন এর সভাপতিত্বে সভার কাজ আরম্ভ করা হয়। সভাপতি মহোদয়ের অনুমতি ক্রমে সহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর গাংনী উপজেলা, সভাকে জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের কার্যক্রম গুলি অবহিত করেন। পি ই ডি পি -৪ প্রকল্পের আওতায় ইকুড়ি নব-সং প্রাঃ বিঃ, হাড়াভাঙ্গা মোল্লা পাড়া নব-সং প্রাঃ বিঃ, মোহাম্মদপুর সং প্রাঃ বিঃ, আর এম আই নব সং প্রাঃ বিঃ, তেঁতুলবাড়িয়া দয়ের পাড়া নব-সং প্রাঃ বিঃ, মানিকদিয়া কেশব নগর নব সং প্রাঃ বিঃ, গাংনী থানা পাড়া নব সং প্রাঃ বিঃ এ WASH Block নির্মানের কাজ শেষ হয়েছে। এছাড়াও পি ই ডি পি -৪ প্রকল্পের আওতায় আরো ১১টি প্রাথমিক বিদ্যালয় ওয়াশ ব্লক স্থাপনের কাজ শুরু হয়েছে। ৮৪টি প্রাথমিক বিদ্যালয়ে হাত ধোয়ার বেসিনসহ সাবমার্সিবল পানির উৎসের নির্মান কাজ শেষ হয়েছে। কাজের গুণগত মানের বিষয়ে বিস্তারিত আলাপ আলোচনা করা হয়।

অধ্যকার সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় অধ্যকার সভায় উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ সমাপ্ত ঘোষণা করেন।

সভাপতি

উপজেলা জনস্বাস্থ্য স্যানিটেশন ও  
বিশুদ্ধ পানি বিষয়ক স্থায়ী কমিটি  
গাংনী উপজেলা, মেহেরপুর।